

**উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী**

সভার তারিখঃ ১৯/০৪/২০২২ খ্রিঃ তারিখ, রোজ- মঙ্গলবার।

সভার সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট এর অফিস কক্ষ।


সভাপতিঃ জনাব মোঃ ইকবাল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট- “ক”

সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভাপ্রস্তুকরা হয়। সকলের উপস্থিতিতে বাগেরহাট জেলার মোংলা উপজেলার সমাজকল্যাণ কমিটির সভায় নিম্নোল্লখিত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনার বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। <b>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ</b> আলোচনার শুরুতে অত্র কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন খরণের সংশোধনী থাকলে উপস্থাপনের জন্য সম্মানিত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন।	১। কোন খরণের সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	১। উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট ও সদস্য সচিব, উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি
২। <b>ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত বেসরকারি এতিমখানায় বঙ্গবন্ধু কর্ণার স্থাপন সংক্রান্ত আলোচনাঃ</b> কমিটির সদস্য সচিব আরও জানান যে, সমাজসেবা অধিদফতরের মাধ্যমে নিবন্ধিত বেসরকারি এতিমখানার এতিম শিশুদেরকে মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা হারে ক্যাপিটেশন গ্রান্ট প্রদান করা হয়। মোংলা উপজেলার ০৪টি এতিমখানার ৮০ জন শিশু এই সুবিধা ভোগ করে থাকে। ২০২১-২২ অর্থবছরে ক্যাপিটেশন গ্রান্টের আওতায় মোংলা উপজেলায় ১৯,২০,০০০/- (উনিশ লক্ষ বিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। বাংলাদেশ সরকার এসব এতিম শিশুদের লালন-পালনের মাধ্যমে সমাজের মূল শ্রোতথারায় তাদেরকে পুনর্বাসন করার আশ্রয় চেষ্টা করে যাচ্ছে। কিন্তু এতিমখানাগুলো পরিদর্শনকালে দেখা যায় যে, অধিকাংশ এতিমখানার শিশুরা বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ে বিস্তারিত জানেনা। মুজিব শতবর্ষে এসব এতিম শিশুদের মুক্তিযুদ্ধের ইতিহাস এবং জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী বিষয়ে সম্যক ধারণা দেওয়ার জন্য এতিমখানাগুলোতে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন করার সুপারিশ করা যায় কিনা সেই বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন।	২। উপস্থিত সদস্যরা এই বিষয়ে তাদের মতামত প্রদান করেন। দীর্ঘ আলোচনা শেষে ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত বেসরকারি এতিমখানায় বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমন্বয় সভায় সুপারিশ পাঠানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	২। উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট ও সদস্য সচিব, উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

  
(মোঃ ইকবাল হোসেন)

ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
মোংলা, বাগেরহাট

ও  
সভাপতি


উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি

স্মারক নম্বরঃ ৪১.০১.০১৫৮.০০০.০৩৯.১৮.৬৬

তারিখঃ ১৯/০৪/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট।
- ৩। অফিস কপি।

  
(এস এম মাসুদ রানা)

উপজেলা সমাজসেবা অফিসার  
মোংলা, বাগেরহাট

ও

সদস্য সচিব

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি